



# বরিশাল বিশ্ববিদ্যালয়

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- বিইউ/রেজি/জনবল/নিয়োগ বিজ্ঞপ্তি (শিক্ষক)/৪২৭/১৩২০৯

তারিখ: ০২ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ  
১৫ ফেব্রুয়ারী ২০২৩ খ্রিস্টাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	পদ ও বিভাগ	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	সহকারী অধ্যাপক: ০৯টি স্থায়ী পদ গ্রেড-৬, জাতীয় বেতন স্কেল-২০১৫ সমাজবিজ্ঞান বিভাগ-(০১টি), লোক প্রশাসন বিভাগ-(০১টি), গণিত বিভাগ-(০১টি), ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ-(০২টি), মার্কেটিং বিভাগ-(০১টি), ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ-(০১টি), মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগ-(০১টি), কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগ-(০১টি)	সহকারী অধ্যাপক পদের জন্য প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয়টিতে প্রথম বিভাগ অথবা জিপিএ ৪.০০ (স্কেল: ৫.০০) থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় কমপক্ষে যে কোনো একটিতে ১ম শ্রেণি থাকতে হবে এবং শিক্ষাজীবনের কোনো ক্ষেত্রে ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়। সিজিপিএ'র ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয়টিতে কমপক্ষে ৩.৫০ (স্কেল-৪.০০) থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। প্রার্থীর স্বীকৃত জার্নাল বা বইয়ে অন্তত একটি প্রকাশনা থাকতে হবে এবং বিশ্ববিদ্যালয় পর্যায়ে অথবা স্বীকৃত মানের গবেষণা প্রতিষ্ঠানে অন্তত ৩ (তিন) বছরের শিক্ষকতা/ গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

### শর্তাবলী

(ক)	আবেদনকারীকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম <a href="http://www.bu.ac.bd">www.bu.ac.bd</a> থেকে ডাউনলোড করে অথবা বরিশাল বিশ্ববিদ্যালয়, কর্ণকাতী, বরিশাল সদর, বরিশাল এর ডিসপ্যাচ শাখা থেকে ফরম প্রতি ৫০/- (পঞ্চাশ) টাকা দিয়ে ফরম সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রসহ ০৮(আট) সেট, রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়, কর্ণকাতী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪ বরাবর জমা দিতে হবে। আবেদনের সময়সীমা: ০১/০৩/২০২৩।
(খ)	প্রার্থীকে আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে- (১) শিক্ষাগত যোগ্যতার সনদ ও নম্বরপত্র এবং প্রশিক্ষণ ও অভিজ্ঞতা (যদি থাকে) সংক্রান্ত সনদের ফটোকপি; (২) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙিন ছবি ও প্রতি সেটের সাথে এক কপি রঙিন ছবি; (৩) অনলাইনে সম্পন্নকৃত জন্ম সনদপত্র/ জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
(গ)	চাকুরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
(ঘ)	ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।
(ঙ)	আবেদনকালে প্রার্থীর আবেদনপত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার যে বর্ণনা দেয়া হবে চাকুরিতে যোগদানের পর পূর্বে অর্জিত এর অতিরিক্ত কোন যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ গ্রহণযোগ্য হবে না।
(চ)	আবেদনপত্রের সাথে ড্রেজারার, বরিশাল বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেডের যে কোনো শাখা থেকে ৬০০/- টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।
(ছ)	প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদের নাম খামের উপরে স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
(জ)	বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে। একই সাথে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।
(ঝ)	অত্যন্তরূপে প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

স্বা/-

(প্রফেসর ড. মোঃ মুহসিন উদ্দীন)  
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)  
বরিশাল বিশ্ববিদ্যালয়